

## কোথায় যাবো তোমাকে ছেড়ে

কোথায় যাবো তোমাকে ছেড়ে, অনিন্দ্যা  
তোমার হৃদয়ে নোঙর বেঁধেছে আমার ভালবাসা ।  
যতো দূরেই যাই  
ফিরে তো আসতে হবে এখানেই,  
তোমার হৃদয় থেকে উষ্ণতা নিয়েই বাঁচতে হবে  
তোমার চোখের আলোয় খুঁজে নিতে হবে পথ ।

তা হলে কোথায় যাবো,  
কতো দূর পারবো যেতে –  
তুমিও কি যেতে দিবে !

কী হবে বৃথা এতো ছুটাছুটি করে,  
তার চেয়ে এখানে তোমার কাছেই নীড় বেঁধে থাকি  
তোমার চুলের অন্ধকারে মুখ গুঁজে থাকি  
হৃদয়ের স্পন্দন শুনি তোমার বুকে কান পেতে  
প্রণয় চুম্বনে মুছে যাক মনের গোপনে যতো ব্যথা ।

কোথাও যাবো না আমি,  
কোথাও বলো না যেতে, অনিন্দ্যা আমার ।

ঢাকা : ২৮.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম